# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০২৪৭৭৭৮৭৮৮১
Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com

"শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- চুয়াঃ পৌঃ/২০২৪/ ৯৭০ | তারিখঃ-০৩/০৭/২০২৪খ্রিঃ

প্রাপক,

প্রকল্প পরিচালক,
নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP),
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,
এলজিইডি ভবন, লেভেল-১২
আগারগাঁও, শেরে বাংলা নগর,
ঢাকা-১২০৭।

বিষয়ঃ বাংলাদেশ সরকার, ও AFD সহায়তায় বাস্তবায়নাধীন "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)" এর আওতায় পৌরসভায় দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার কার্যবিবরণী ও PRAP বাস্তবায়ন সম্পর্কিত (এপ্রিল-জুন) ত্রৈমাসিক মনিটরিং ছক প্রস্তুতপূর্বক প্রেরণ প্রসঙ্গে।

স্মারক নংঃ ৪৬.০২.০০০০.৭৯৬.১৪.১০৩.২০২৩.১১৯২(৮৮) | তারিখঃ ১৩/০৬/২০২৪খ্রিঃ।

উপযুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকার, ADB ও AFD সহায়তায় বাস্তবায়নাধীন "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)" এর আওতায় পৌরসভায় দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার কার্যবিবরণী ও PRAP বাস্তবায়ন সম্পর্কিত (এপ্রিল-জুন) ত্রৈমাসিক মনিটরিং ছক প্রস্তুতপূর্বক এতদ্সঙ্গে আপনার সদয় অবগতি ও প্রযোজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হল।

০৩-০৭-২০২৪ ইং

(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা
ফোন ঃ ০২৪৭৭৭৮৭৮৮১
E-mail: mayor16cp@gmail.com



সময়মত পৌরকর এবং পানির বিল পরিশোধ করুন। আপনার শিশুকে টিকা দিন। আপনার শহর পরিস্কার রাখুন

সংযুক্তি-১ (খ)

# নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)

## ত্রৈমাসিক ফরমেট -২

## 'দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন স্থায়ী কমিটি (STC on PRSI)'র PRAP বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন ছক

২০২৩-২০২৪ইং

এপ্রিল-জুন- ২০২৪ইং

| ক্রমিক নং | এ পর্যন্ত সর্বমোট | | | প্রতিবেদন কালে | | |
|---|---|---|---|---|---|---|
| | PRAP-র আওতায় বাস্তবায়িত/গৃহীত উদ্যোগ/কার্যক্রম | বাজেট | ব্যয় | PRAP-র আওতায় বাস্তবায়িত/ গৃহীত উদ্যোগ/কার্যক্রম | বাজেট | ব্যয় |
| ০১ | স্বাস্থ্য সেবা ও ঔষধ প্রদান | ২,৮০,০০০.০০ | ১,৭২,৯৬৫.০০ | স্বাস্থ্য সেবা ও ঔষধ প্রদান | ৭০,০০০.০০ | ৬৩,৬৪১.০০ |
| ০২ | স্যানিটেশন কার্যক্রম বাবদ রিং-স্লাব বিতরণ | ২,৫০,০০০.০০ | ৩,০০,০০০.০০ | স্যানিটেশন কার্যক্রম বাবদ রিং-স্লাব বিতরণ | ১,২৫,০০০.০০ | ০০ |
| ০৩ | বিশুদ্ধ পানি সরবরাহ (নলকূপ সরবরাহ) | ২,০০,০০০.০০ | ১,৯১,২৭৭.০০ | বিশুদ্ধ পানি সরবরাহ (নলকূপ সরবরাহ) | ৫০,০০০.০০ | ৬৮,৫৩৮.০০ |
| ০৪ | ঢেউটিন বিতরন | ২,০০,০০০.০০ | ৪,৬৫০.০০ | ঢেউটিন বিতরন | ৫০,০০০.০০ | ০০ |
| ০৫ | ফুটপাত নির্মান | ৫,০০,০০০.০০ | ২,৫৯,০০০.০০ | ফুটপাত নির্মান | ২,৫০,০০০.০০ | ০০ |
| ০৬ | ড্রেন নির্মান | ৩,০০,০০০.০০ | ২৮,৬০৬.০০ | ড্রেন নির্মান | ০০ | ০০ |
| ০৭ | হত দরিদ্র নারী/পুরুষের মাঝে বস্ত্র বিতরণ | ৭,০০,০০০.০০ | ১৭,৯৬,৫০০.০০ | হত দরিদ্র নারী/পুরুষের মাঝে বস্ত্র বিতরণ | ৩,৫০,০০০.০০ | ৩,৬০,০০০.০০ |
| ০৮ | দুস্থ ও গরীব ছাত্রদের জন্য শিক্ষা উপকরণ বিতরণ | ১,২০,০০০.০০ | ০০ | দুস্থ ও গরীব ছাত্রদের জন্য শিক্ষা উপকরণ বিতরণ | ৩০,০০০.০০ | ০০ |
| ০৯ | প্রশিক্ষণ | ১,৫০,০০০.০০ | ০০ | প্রশিক্ষণ | ০০ | ০০ |
| ১০ | সচেতনতা মূলক উঠান বৈঠক | ১,০০,০০০.০০ | ০০ | সচেতনতা মূলক উঠান বৈঠক | ২৫,০০০.০০ | ০০ |
| ১১ | দরিদ্র এলাকায় বর্জ্য অপসারণ | ৩,০০,০০০.০০ | ৪,৮০,৪৫০.০০ | দরিদ্র এলাকায় বর্জ্য অপসারণ | ৭৫,০০০.০০ | ১,৬৪,৯৫০.০০ |
| ১২ | আর্থিক সাহায্য | ৭,০০,০০০.০০ | ৪,৩২,৪০০.০০ | আর্থিক সাহায্য | ১,৭৫,০০০.০০ | ৬৬,৮০০.০০ |
| ১৩ | ভ্যান গাড়ি প্রদান | ১,০০,০০০.০০ | ০০ | ভ্যান গাড়ি প্রদান | ০০ | ০০ |
| ১৪ | দরিদ্রদের মাঝে চাউল, ডাল, তৈল ইত্যাদি প্রদান | ৩,০০,০০০.০০ | ২,৪৬,১৮৫.০০ | দরিদ্রদের মাঝে চাউল, ডাল, তৈল ইত্যাদি প্রদান | ৭৫,০০০.০০ | ১৩,৪০০.০০ |
| ১৫ | স্বাবলম্বি করার জন্য (অনুদান) | ৫,০০,০০০.০০ | ৬,৭৭,৩২৫.০০ | স্বাবলম্বি করার জন্য (অনুদান) | ১,২৫,০০০.০০ | ৪,২২,১৩২.০০ |
| | সর্বমোট= | ৪৭,০০,০০০.০০ | ৪৫,৮৯,৩৫৮.০০ | সর্বমোট= | ১৪,০০,০০০.০০ | ১১,৫৯,৪৬১.০০ |

03.07.2024

কে এম আব্দুস সবুর খান
সমাজ উন্নয়ন কর্মকর্তা
চুয়াডাঙ্গা পৌরসভা।

মুন্সি আলাউদ্দীন আহম্মেদ
কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড ও সভাপতি,
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন স্থায়ী কমিটি,চুয়াডাঙ্গা পৌরসভা।

০৩-০৭-২৪ইং

জাহাঙ্গীর আলম মালিক
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার, সহকারী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, সমাজ উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২২/০৪/২০২৪ইং তারিখঃ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. দরিদ্রদের মাঝে চাউল, ডাল, তৈল ইত্যাদি প্রদান প্রসঙ্গে আলোচনা।
০৩. হত দরিদ্র পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ করা প্রসঙ্গে আলোচনা।
০৪. দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ঔষধ প্রদান প্রসঙ্গে আলোচনা।
০৫. হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা প্রসঙ্গে আলোচনা।
০৬. হত দরিদ্রদের মাঝে বস্ত্র বিতরণ করা প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১. প্রকল্প পরিচালক, (IUGIP) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

(মুন্সি অলিউদ্দীন আহম্মেদ)
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ২২/০৪/২০২৪ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ২২/০৪/২০২৪ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ২। | দরিদ্রদের মাঝে চাউল, ডাল ও তৈল ইত্যাদি প্রদান প্রসঙ্গে আলোচনা। | কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন, পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের কিছু সংখ্যক হতদরিদ্র ব্যাক্তি আছে যাদের মাঝে চাউল, ডাল ও তৈল বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন হতদরিদ্রদের মাঝে চাউল, ডাল ও তৈল ইত্যাদি প্রদান করার জন্য দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনায় বাজেট বরাদ্দ আছে। সেক্ষেত্রে প্রদান করা যেতে পারে। কমিটির অপর সদস্য ৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ উজ্জল হোসেন বলেন আমাদের পৌর এলাকায় এমন অনেক পরিবার আছে যাদের চাউল, ডাল, তৈল ক্রয় করার মত কোন সামর্থ্য নাই তাদের মাঝে বিতরণ করা যেতে পারে। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোঃ জিনারুল ইসলাম বলেন দরিদ্রদের মাঝে উক্ত উপকরণ বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। কমিটির অপর সদস্য ৩নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ শেফালী খাতুন বলেন পৌরসভার মাধ্যমে উক্ত মালামাল হতদরিদ্রদের মাঝে বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী দরিদ্রদের মাঝে চাউল, ডাল ও তৈল প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ২। দরিদ্রদের মাঝে চাউল, ডাল ও তৈল প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৩। | হতদরিদ্র পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন প্রাপ সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে পৌরসভার ০৯টি ওয়ার্ডের কিছু সংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ করার প্রস্তাব করেন। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন হতদরিদ্রদের মাঝে ঢেউটিন বিতরণ করার জন্য দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনায় (২০২৩-২০২৪) ইং অর্থবছরে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা বাজেটে বরাদ্ধ রাখা আছে। কমিটির অপর সদস্য ০৩নং সংরক্ষিতওয়ার্ড কাউন্সিলর জনাবা, মোছাঃ শেফালী খাতুন বলেন, আমাদের পৌর এলাকায় অনেক পরিবার আছে যাদের ঘর করার মত সামর্থ্য নাই সে সকল পরিবারের মাঝে বিনামূল্যে ঢেউটিন বিতরণ করলে তারা ঘর নির্মাণ করতে পারবে। ৭নংওয়ার্ড কাউন্সিলর জনাব, মোঃ উজ্জল হোসেন বলেন হত দরিদ্রদের মাঝে যাদের ঘর করার মত কোন সামর্থ্য নেই তাদের মাঝে ঢেউটিন বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন বলেন হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে ঢেউটিন বিতরণ করা দরকার। বিস্তারিত আলোচনার পর দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে ঢেউটিন বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। হতদরিদ্র পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন প্রাপ সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা দরকার। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করার জন্য দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনায় (২০২৩-২০২৪) ইং অর্থবছরে ২,৮০,০০০/- (দুই লক্ষ আশি হাজার) টাকা বাজেটে বরাদ্ধ রাখা আছে। কমিটির অপর সদস্য প্রকৌশল শাখার প্রতিনিধি পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার বলেন প্র্যাপ এর আওতায় বাজেট বরাদ্দ থাকায় হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা যেতে পারে। কমিটির অপর সদস্য ১নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা, মোছাঃ শাহিনা খাতুন বলেন আমাদের পৌরসভা হতে আমরা প্রতি মাসেই কিছুসংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করে থাকি। কমিটির অপর সদস্য ৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ উজ্জল হোসেন বলেন পৌরসভা একটি সেবা মূলক প্রতিষ্ঠান হওয়ায় আমরা প্রত্যেক ওয়ার্ডের কিছু সংখ্যক হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্য সেবা ও ঔষধ প্রদান করে থাকি। কমিটির অপর সদস্য ৩নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা, মোছাঃ শেফালী খাতুন বলেন আমাদের পৌরসভা হতে আমরা কিছুসংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করে থাকি। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোঃ জিনারুর ইসলাম বলেন কিছু মানুষ আছে যাদের ঔষধ ক্রয়ের কোন সামথ্য নাই। সেসকল ব্যাক্তিদের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করলে তারা বেশ উপকৃত হবে। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ৪। হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৫। | হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, বলেন প্রত্যেক ওয়ার্ডের কিছু সংখ্যক হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা দরকার। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন প্রতি বছরের ন্যায় ২০২৩-২০২৪ইং অর্থ বছরেও রিং-স্লাব বিতরণের জন্য ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বাজেটে বরাদ্ধ রাখা আছে। ইতিমধ্যে প্রত্যেক ওয়ার্ড থেকেই বেশ কিছু সংখ্যক রিং-স্লাবের আবেদন পৌরসভায় জমা পড়েছে। তাদের মধ্যে থেকে যাচাই বাছাই করে কিছু সংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা দরকার। কমিটির অপর সদস্য প্রকৌশল শাখার প্রতিনিধি পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার বলেন প্র্যাপ এর আওতায় বাজেট বরাদ্দ থাকায় হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব প্রদান করা যেতে পারে। কমিটির অপর সদস্য ০১নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ শেফালী খাতুন বলেন প্রত্যেক ওয়ার্ডেই কিছুসংখ্যক পরিবার আছে যাদের টয়লেট নির্মাণ করার সামর্থ্য নাই তাদের মাঝে রিং-স্লাব বিতরণ করা দরকার। কমিটির অপর সদস্য ০৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ উজ্জল হোসেন বলেন প্রতি বছরের ন্যায় ২০২৩-২০২৪ইং অর্থ বছরেও কিছু সংখ্যক হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা দরকার যাতে করে তারা বেশ উপকৃত হয়। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোছাঃ রুবি খাতুন বলেন হত দরিদ্র পরিবারের নারী-পুরুষেরা প্রায়ই আমাদের কাছে আসে রিং-স্লাবের জন্য এদের কে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা দরকার। বিস্তারিত আলোচনার পর কমিটির সিদ্ধান্ত অনুযায়ী হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৫। হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬। | হতদরিদ্রদের মাঝে বস্ত্র বিতরণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, বলেন PRAP সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের দুস্থ অসহায় ও হত দরিদ্রদের মাঝে শাড়ী, লুঙ্গী ও থ্রীপিচ বিতরণ করা দরকার। সভায় উপস্থিত কমিটির অন্যতম সদস্য পৌরসভার মেয়র জনাব, জাহাঙ্গীর আলম মালিক বলেন প্রতি বছরের ন্যায় এবারও পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের দুস্থ অসহায় ও হত দরিদ্রদের মধ্যে শাড়ী, লুঙ্গী ও থ্রীপিচ বিতরণ করার জন্য কমিটির সবাইকে নির্দেশ প্রদান করেন। কমিটির অপর সদস্য ৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোঃ উজ্জ্বল হোসেন বলেন দুস্থ অসহায় ও হত দরিদ্র ব্যক্তিদের মধ্যে শাড়ী, লুঙ্গী ও থ্রীপিচ বিতরণ করলে তারা খুব উপকৃত হবে। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন হতদরিদ্র পরিবারের মাঝে বস্ত্র বিতরণ বাবদ পৌরসভার রাজস্ব বাজেটে বরাদ্ধ রাখা আছে। কমিটির অপর সদস্য দরিদ্রশ্রেনীর প্রতিনিধি জনাব মোঃ জিনারুল ইসলাম বলেন প্রতিবারের ন্যায় হতদরিদ্রদের মাঝে বস্ত্র বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী হত দরিদ্রদের মাঝে শাড়ী, লুঙ্গী ও থ্রীপিচ বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৬। পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের দুস্থ অসহায় ও হত দরিদ্রদের মধ্যে শাড়ী, লুঙ্গী ও থ্রীপিচ বিতরণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ঃ-

তারিখঃ- ২২/০৪/২০২৪ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১.প্রকল্প পরিচালক, (IUGIP) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন। তারিখঃ ২২/০৪/২০২৪ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিম্নরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | |
| ৩ | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য | |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | |
| ৬ | জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার, সহকারী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | রুবি |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৯ | কে এম আব্দুস সবুর খান | সমাজ উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১
Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com

## ২২/০৪/২০২৪ইং তারিখে অনুষ্ঠিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।







সময়মত পৌরকর এবং পানির বিল পরিশোধ করুন। আপনার শিশুকে টিকা দিন। আপনার শহর পরিস্কার রাখুন

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার, সহকারী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, সমাজ উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২০/০৫/২০২৪ইং তারিখঃ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. দরিদ্র এলাকার বর্জ অপসারন ও পরিচ্ছন্নতা বিষয়ক আলোচনা।
০৩. আর্থিক সাহায্য প্রদান প্রসঙ্গে আলোচনা।
০৪. দরিদ্র এলাকায় নলকুপ স্থাপন করা প্রসঙ্গে আলোচনা।
০৫. দরিদ্র এলাকায় ফুটপাত নির্মাণ করা প্রসঙ্গে আলোচনা।
০৬. হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১. প্রকল্প পরিচালক, (IUGIP) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ২০/০৫/২০২৪ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ২০/০৫/২০২৪ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ২। | দরিদ্র এলাকার বর্জ্য অপসারন ও পরিচ্ছন্নতা বিষয়ক আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন পৌরসভার দরিদ্র এলাকার বর্জ্য অপসারন ও পরিচ্ছন্নতা সম্পর্কে তাদেরকে সচেতন করতে হবে। যাতে করে তারা যেখানে সেখানে ময়লা আবর্জনা না ফেলে একটি নির্দিষ্টি স্থানে জমা রাখে পরবর্তিতে পৌরসভার গার্ভেজ ট্রাক/ভ্যানের মাধ্যমে তা সংরক্ষন করা হবে। কমিটির অপর সদস্য ৩নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ শেফালী খাতুন বলেন প্রত্যেকটি ওয়ার্ডের দরিদ্র এলাকার জনগনকে উঠান বৈঠকের মাধ্যমে তাদেরকে সচেতন করা দরকার। কমিটির অপর সদস্য ৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ উজ্জল হোসেন বলেন পৌর এলাকার মধ্যে অধিকাংশ দরিদ্র এলাকায় দেখা যায় রাস্তার উপর ময়লা আবর্জনা ফেলে রাখে তাতে পরিবেশের ভারসাম্য নষ্ট হয়। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন দরিদ্র এলাকায় উঠান বৈঠক করার মাধ্যমে তাদেরকে সচেতন করতে হবে যাতে করে তারা বর্জ্য অপসারন ও পরিচ্ছন্নতা সম্পর্কে তারা সচেতন হয়। পরিশেষে দরিদ্র এলাকার বর্জ অপসারন ও পরিচ্ছন্নতা সম্পর্কে তাদেরকে সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। দরিদ্র এলাকার বর্জ্য অপসারন ও পরিচ্ছন্নতা সম্পর্কে তাদেরকে সচেতন করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৩। | আর্থিক সাহায্য প্রদান প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন, পৌরসভা হতে কিছু সংখ্যক গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদান করা দরকার। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন আর্থিক সাহায্য প্রদানের জন্য ২০২৩-২০২৪ইং অর্থবছরে দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনায় ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা বাজেট বরাদ্দ আছে। কমিটির অপর সদস্য পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার বলেন প্র্যাপ এর আওতায় বাজেট বরাদ্দ থাকায় অসহায় ব্যাক্তিদের মাঝে আর্থিক সাহায্য প্রদান করা দরকার। কমিটির অপর সদস্য ৩নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা, মোছাঃ খাতুন বলেন, গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদনের মাধ্যমে যারা আর্থিক ভাবে অস্বচ্ছল তাদেরকে ব্যবসা বানিজ্যের মাধ্যমে আর্থিক ভাবে স্বচ্ছল করা সম্ভব। কমিটির অপর সদস্য দরিদ্রশ্রেণীর প্রতিনিধি, মোঃ জিনারুল ইসলাম বলেন পৌর এলাকার মধ্যে যাদের অর্থ উপার্জন করার মত তেমন কোন সামথ্য নাই সে সকল হতদরিদ্রদেরকে আর্থিক সাহায্য প্রদানের মাধ্যমে তাদেরকে স্বাবলম্বী করা উচিত। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী হতদরিদ্র পরিবারের মাঝে আর্থিক সাহায্য প্রদানের মাধ্যমে তাদেরকে স্বাবলম্বী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। হতদরিদ্র পরিবারের মাঝে আর্থিক সাহায্য প্রদানের মাধ্যমে তাদেরকে স্বাবলম্বী করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | দরিদ্র এলাকায় নলকুপ স্থাপন করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন পৌর এলাকার মধ্যে যে সকল স্থানে দরিদ্র জনগোষ্ঠী বসবাস করেন সে সকল স্থানে কিছু সংখ্যক নলকুপ স্থাপন করা দরকার। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন দরিদ্র এলাকায় নলকুপ স্থাপন করার জন্য বাজেট বরাদ্ধ রাখা আছে। কমিটির অপর সদস্য পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার বলেন প্র্যাপ এর আওতায় বাজেট বরাদ্দ থাকায় উক্ত কাজ বাস্তবায়ন করা যেতে পারে। কমিটির অপর সদস্য ০৭ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোঃ উজ্জল হোসেন দরিদ্র এলাকায় দ্রুত নলকুপ বসানোর প্রস্তাব করেন। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী দরিদ্র এলাকায় নলকুপ স্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ৪। দরিদ্র এলাকায় নলকুপ স্থাপন করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ০৫। | দরিদ্র এলাকায় ফুটপাত নির্মাণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন দরিদ্র এলাকায় জনগনের চলাচলের জন্য ফুটপাত নির্মাণ করার জন্য প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক কমিটির অন্যতম সদস্য পৌর মেয়র জনাব, জাহাঙ্গীর আলম মালিক বলেন দরিদ্র এলাকায় ফুটপাত নির্মাণ করলে জনগনের যাতায়াতের অনেকটা সুবিধা হবে। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন দরিদ্র এলাকায় ফুটপাত নির্মাণ করার জন্য বাজেট বরাদ্ধ রাখা আছে। কমিটির অপর সদস্য প্রকৌশল শাখার প্রতিনিধি পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার বলেন বাজেট বরাদ্দ থাকায় উক্ত কাজ বাস্তবায়ন করা যেতে পারে। কমিটির অপর সদস্য ০৭ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোঃ উজ্জল হোসেন বলেন যেহেতু বাজেটে বরাদ্দ রাখা হয়েছে সেহেতু উক্ত কাজ বাস্তবায়ন করা হলে এলাকাবাসী খুব উপকৃত হবে। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোঃ জিনারুল ইসলাম বলেন, দরিদ্র এলাকার ফুটপাত নির্মাণ করার ক্ষেত্রে একমত পোষণ করেণ। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত কাজ দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৫। দরিদ্র এলাকায় ফুটপাত নির্মাণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৬। | হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন প্রাপ সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা দরকার। কমিটির অপর সদস্য ০৭ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোঃ উজ্জল হোসেন বলেন আমরা পৌরসভা হতে কিছুসংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করে থাকি। কমিটির অপর সদস্য ০৩নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা, মোছাঃ শেফালী খাতুন বলেন পৌরসভা একটি সেবা মূলক প্রতিষ্ঠান হওয়ায় আমরা প্রত্যেক ওয়ার্ডের কিছু সংখ্যক হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্য সেবা ও ঔষধ প্রদান করে থাকি। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ৬। হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ঃ-
তারিখঃ- ২০/০৫/২০২৪ ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রকল্প পরিচালক, (IUGIP) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন। তারিখঃ ২০/০৫/২০২৪ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিন্মরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | |
| ৩ | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য | |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | শেফালী |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | |
| ৬ | জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার, সহকারী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | রুবি |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | জিনারুল |
| ৯ | কে এম আব্দুস সবুর খান | সমাজ উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১
Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com

২০/০৫/২০২৪ইং তারিখে অনুষ্টিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।







সময়মত পৌরকর এবং পানির বিল পরিশোধ করুন। আপনার শিশুকে টিকা দিন। আপনার শহর পরিস্কার রাখুন

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার, সহকারী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, সমাজ উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২৩/০৬/২০২৪ইং তারিখঃ রবিবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনা সম্পর্কে আলোচনা।
০৩. স্বাবলম্বী করার জন্য অনুদান প্রদান করা প্রসঙ্গে আলোচনা।
০৪. সচেতনতা মূলক উঠান করা প্রসঙ্গে আলোচনা।
০৫. দরিদ্র এলাকায় অবকাঠামো কাজ বাস্তবায়ন করা প্রসঙ্গে আলোচনা।
০৬. দুস্থ ও গরীব শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১. প্রকল্প পরিচালক, (IUGIP) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়
## জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ২৩/০৬/২০২৪ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ২৩/০৬/২০২৪ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ২। | দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ আগামী ২০২৪-২০২৫ইং অর্থবছরের দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনার বাজেট বরাদ্ধ সম্পর্কে জানতে চান। কমিটির সদস্য সচিব সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন প্রতিবারের ন্যায় এবারও পৌরসভার রাজস্ব বাজেট হতে প্রাপ এর আওতায় বাজেট বরাদ্ধ রেখে সেমোতাবেক ২০২৪-২০২৫ইং অর্থবছরের দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনার তৈরী করা হবে যা হতদরিদ্রদের মাঝে বিভিন্ন ধরনের আর্থিক সাহায্য, অনুদান, রিং-স্লাব বিতরণ, নলকুপ স্থাপন, বস্ত্র বিতরণ, ঢেউটিন বিতরণ, ফুটপাত নির্মাণ, ড্রেন নির্মাণ, প্রশিক্ষণ, চাউল, বই বিতরণ ইত্যাদি খাতে ব্যয় করা হবে। বিস্তারিত আলোচনার পর পৌরসভায় প্রণয়নকৃত ২০২৪-২০২৫ইং অর্থবছরের দারিদ্র হ্রাস করণ কর্মপরিকল্পনাটি প্রণয়ন পূর্বক আগামী নগর সমন্বয় কমিটি এবং মাসিক মিটিং-এ উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। ২০২৩-২০২৪ইং অর্থ বছরের দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনাটি আগামী নগর সমন্বয় কমিটি এবং মাসিক মিটিং-এ উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৩। | স্বাবলম্বি করার জন্য অনুদান প্রদান করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন, পৌরসভার রাজস্ব ফান্ড হতে কিছু সংখ্যক গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক অনুদান প্রদানের মাধ্যমে তাদেরকে স্বাবলম্বী করা দরকার। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন স্বাবলম্বী করার জন্য অনুদান বাবদ প্রাপ এর আওতায় বাজেট বরাদ্দ আছে। কমিটির অপর সদস্য ০৭ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোঃ উজ্জ্বল হোসেন বলেন হত দরিদ্রদের মাঝে আর্থিক অনুদান প্রদান করলে তারা আর্থিক ভাবে বেশ উপকৃত হবে। কমিটির অপর সদস্য ০১নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা, মোছাঃ শাহিনা খাতুন বলেন, গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক অনুদান প্রদনের মাধ্যমে যারা আর্থিক ভাবে অস্বচ্ছল তাদেরকে ব্যবসা বানিজ্যের মাধ্যমে আর্থিক ভাবে স্বচ্ছল করা সম্ভব। কমিটির অপর সদস্য পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার বলেন স্বাবলম্বী করার ক্ষেত্রে কিছুসংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে আর্থিক অনুদান প্রদান করলে তারা বেশ উপকৃত হবে। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোঃ জিনারুল ইসলাম আর্থিক অনুদান প্রদান করার ব্যাপারে একমত পোষণ করেন। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী গরীব ও দুস্থ ব্যক্তিদেরকে স্বাবলম্বী করার জন্য আর্থিক অনুদান প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। গরীব ও দুস্থ ব্যক্তিদেরকে স্বাবলম্বী করার জন্য আর্থিক অনুদান প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪। | দরিদ্র এলাকায় স্বাস্থ্য বিষয়ক সচেতনতা মূলক উঠান বৈঠক করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন, দরিদ্র এলাকায় স্বাস্থ্য বিষয়ক সবাইকে সচেতন করার লক্ষ্যে উঠান বৈঠক করা দরকার। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা বলেন সচেতনতা মূলক উঠান বৈঠক করার জন্য বাজেট বরাদ্ধ রাখা আছে। কমিটির অপর সদস্য ০৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ উজ্জল হোসেন বলেন পৌরসভার মধ্যে দরিদ্র এলাকায় স্বাস্থ্য বিষয়ক সচেতনতা মূলক উঠান বৈঠকর মাধ্যমে তাদেরকে স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করা সম্ভব। কমিটির অপর সদস্য ০৩নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব মোছাঃ শেফালী খাতুন বলেন দরিদ্র"এলাকায় স্বাস্থ্য বিষয়ক সচেতনতা মূলক উঠান বৈঠক করার মাধ্যমে তাদেরকে স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করতে হবে। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোছাঃ রুবি খাতুন বলেন এটি একটি মহত উদ্দ্যেগ পৌরসভার উদ্দ্যেগে এধরনের উঠান বৈঠকের মাধ্যমে সবাইকে সচেতন করা সম্ভব। পরিশেষে দরিদ্র এলাকায় স্বাস্থ্য বিষয়ক সচেতনতা মূলক উঠান বৈঠক করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ০৪। দরিদ্র এলাকায় স্বাস্থ্য বিষয়ক সচেতনতা মূলক উঠান বৈঠক করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৫। | দরিদ্র এলাকায় অবকাঠামো কাজ বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন পৌর এলাকার মধ্যে কিছু এলাকা আছে যেখানে তেমন একটা অবকাঠামো কাজ বাস্তবায়ন করা হয়নি সেসকল এলাকায় ফুটপাত ও ড্রেন নির্মান করা দরকার। কমিটির অপর সদস্য পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার বলেন বিভিন্ন প্রকল্পের মাধ্যমে দরিদ্র এলাকায় অবকাঠামো কাজ বাস্তবায়ন করা হবে। কমিটির অপর সদস্য ০৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ উজ্জল হোসেন বলেন পৌরসভার মধ্যে দরিদ্র এলাকায় দ্রুত অবকাঠামো কাজ বাস্তবায়ন করা দরকার। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী দরিদ্র এলাকায় অবকাঠামো কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ৫। দরিদ্র এলাকায় অবকাঠামো কাজ বাস্তবায়ন করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৬। | দুস্থ ও গরীব শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন PRAP সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে কিছু সংখ্যক দুস্থ ও গরীব শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা দরকার। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন হতদরিদ্র ছাত্র ছাত্রীদের মাঝে শিক্ষা উপকরণ ক্রয় বাবদ বাজেট বরাদ্ধ রাখা আছে। কমিটির অপর সদস্য ০১নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব মোছাঃ শাহিনা খাতুন বলেন পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের দুস্থ ও গরীব শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোঃ জিনারুল ইসলাম বলেন দুস্থ ও গরীব শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা হলে তারা লেখাপড়ায় অনেকটা মনোযোগী হবে। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী দুস্থ ও গরীব শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৬। দুস্থ ও গরীব ছাত্রদের মধ্যে শিক্ষা উপকরণ বিতরণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ঃ-
তারিখঃ- ২৩/০৬/২০২৪ ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রকল্প পরিচালক, (IUGIP) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন। তারিখঃ ২৩/০৬/২০২৪ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিন্মরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | [signature] |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | [signature] |
| ৩ | জনাব মোঃ উজ্জল হোসেন | সদস্য | [signature] |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | শেফালী |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | [signature] |
| ৬ | জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার, সহকারী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | [signature] |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | রুবি |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | জিনারুল |
| ৯ | কে এম আব্দুস সবুর খান | সমাজ উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | [signature] |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com


## ২৩/০৬/২০২৪ইং তারিখে অনুষ্টিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।




